MAR. 2

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ ... কলাম ... ৩ ...

# চট্টগ্রাম পলিটেকনিকে ছাত্রলীগের ২ গ্রুপে গুলিবিনিময়, রাস্তায় ব্যারিকেড

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম পলিটেকনিকে গতকাল রোববার ছাত্রলীগের দু গ্রুপের মধ্যে কয়েকদফা গুলিবিনিময়, ধাওয়া-পাল্টা ধাওয়া হয়েছে। এক পর্যায়ে একটি গ্রুপের কর্মীরা রাস্তায় ব্যারিকেড দিয়ে রাখলে হাটহাজারী-চট্টগ্রাম সড়কে ৪ ঘণ্টা যানবাহন চলাচলে বিঘ্ন ঘটে।

নতুন ছাত্র ভর্তির কোটা ভাগাভাগি নিয়ে মতবিরোধের জের ধরে ছাত্রলীগের আজম-নাছির গ্রুপ ও কাদের গ্রুপের সদস্যদের মধ্যে এই গুলিবিনিময় হয়, সকাল ৯টা থেকে বিকেল পর্যন্ত কয়েক দফায় এই গুলিবিনিময় চলে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, কাদের গ্রুপের ক্যাডাররা তাদের পক্ষের ২০ জন ছাত্রের ভর্তির জন্য কোটা দাবি করলে নাসির গ্রুপের ক্যাডাররা তাদেরকে ধাওয়া করে। পরে কাদের গ্রুপ আরো কর্মী নিয়ে অস্ত্রসজ্জিত হয়ে নাসির গ্রুপের সদস্যদের ধাওয়া করে। এক পর্যায়ে কাদের গ্রুপের সদস্যরা ক্যাম্পাসের দখল নিলে নাসির গ্রুপ রাস্তায় ব্যারিকেড সৃষ্টি করে। এতে হাটহাজারী-চট্টগ্রাম সড়কে যানচলাচল ব্যাহত হয়। বিকেল ৩টায় পুলিশের সহায়তায় ব্যারিকেড ভাঙা হয়। এই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।